# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

তেত্রিশতম বর্ষ (দ্বিতীয় সংখ্যা), আগস্ট, ২০২২




## Ramakrishna Mission Vidyamandira Alumni Association

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

## সম্পাদকীয়

সাল—১৮৯৭, তারিখ—১ মে, সময়—বেলা ৩ টা। উত্তর কলকাতার বলরাম বসুর বাড়িতে ঠাকুরের সন্ন্যাসী সন্তান ও কয়েকজন গৃহী ভক্তের কাছে স্বামী বিবেকানন্দ তাঁর গুরু শ্রীশ্রী রামকৃষ্ণ-দেবের নামে একটি সঙ্ঘ প্রতিষ্ঠা করার প্রস্তাব দেন। প্রকৃতপক্ষে কাশীপুর উদ্যান বাটিতে রোগশয্যায় শায়িত অবস্থাতেই সকলের অগোচরে শ্রীশ্রীঠাকুর এরূপ একটি সঙ্ঘ গড়ে তোলার পশ্চাদপট তৈরী করে গিয়েছিলেন। বলা বাহুল্য, উপস্থিত সকলেই উক্ত মহৎ প্রস্তাবে সম্মতি দান করেন। আলোচনার পর সঙ্ঘের নামকরণ হয় 'রামকৃষ্ণ মিশন অ্যাসোসিয়েশন'। ১৯০৯ সালে আইনি স্বীকৃতির পর নাম দেওয়া হয় 'রামকৃষ্ণ মিশন'। খুব সংক্ষেপে বলতে গেলে শ্রীরামকৃষ্ণদেবের সর্বধর্ম সমন্বয়ের ভাব (inclusiveness) ও উপনিষদের বাণীকে পাথেয় করে পথ চলা শুরু করে রামকৃষ্ণ মিশন। আজ তা ১২৫ বছরে পদার্পণ করল। দিনে দিনে এর ব্যাপকতা বেড়েছে এবং বেড়েছে আপামর জনগণের কাছে গ্রহণযোগ্যতাও। আমরা সকলেই এই ঐতিহাসিক দিনটির সাক্ষী হয়ে রইলাম।

স্বামীজী বলেছেন, পৃথিবীতে এমন কোন সমস্যা নেই যার সমাধান প্রকৃত শিক্ষার দ্বারা সম্ভব নয়। 'সহনা ববতু সহনৌ ভুনক্তু'-র আদর্শ প্রতিষ্ঠায় ব্যাপৃত রামকৃষ্ণ মিশন পরিচালিত বিদ্যাচর্চার কেন্দ্রগুলির আচার্য ও শিষ্য উভয়েই। এই সকল শিক্ষাঙ্গনের প্রাক্তনীরা তাদের অর্জিত শিক্ষার সঠিক প্রয়োগের সুযোগ খুঁজে পায় সমাজের বিভিন্ন ক্ষেত্রে। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদও বিবেকানন্দ সম্মেলনের আয়োজন এবং বছর জুড়ে নানা সমাজ কল্যাণমূলক কাজে নিয়োজিত থাকার চেষ্টা করে চলেছে। পুনর্মিলন উৎসবের আয়োজন সংসদের আর একটি গুরুত্বপূর্ণ কাজ। সংসদ ও বিদ্যামন্দিরের যৌথ উদ্যোগে রেকর্ড সংখ্যক প্রাক্তনী ও অতিথিদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়ে গেল এবারের পুনর্মিলন উৎসব গত ২৭ মার্চ। এ বিষয়ে একটি পৃথক প্রতিবেদন এই সংখ্যাতেই দেওয়া হয়েছে। পরবর্তী পুনর্মিলন উৎসব হবে আগামী ২০২৪-এ। প্রাক্তনী সংসদ সমাজের প্রয়োজনে আরও সক্রিয়ভাবে উদ্যোগী হবে এই আশা রেখে শেষ করছি।

**শ্রী সুশান্ত দে, প্রধান সম্পাদক**

## প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক—সুশান্ত দে

সদস্যবৃন্দ—স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যনিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ—প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।

নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— **Link: https://www.facebook.com/VidyamandiraAlumni**

**Email: alumnividyamandira@gmail.com**

**Website: www.alumnividyamandira.in**

## রানি রাসমণি স্মারক বক্তৃতাঃ ২০২২

বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানি রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নসূচী অনুসারে অনুষ্ঠিত হবে :

তারিখ : ১৫ আগস্ট, ২০২২ সোমবার

সময় : সকাল ১১ টা ৩০ মিনিট

স্থান : আশা-জ্যোতি কনফারেন্স হল

বিষয় : শ্রী শ্রী মা ও রামকৃষ্ণ সঙ্ঘের নির্মাণপর্ব

বক্তা : ডঃ পূর্বা সেনগুপ্ত, গবেষিকা, রামকৃষ্ণ মিশন ইন্সটিটিউট অফ কালচার, গোলপার্ক, কলকাতা।

এই সভায় সকলের সাদর আমন্ত্রণ।

**বিদ্যামন্দির, ২ জুলাই, ২০২২** **কর্মসচিব**

## ২০২১-২০২২ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা (২০২১-২০২২) নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : ১৫ আগস্ট, ২০২২ সোমবার ; সময় : বিকেল ২ টা ৩০ মিনিট ; স্থান : বিবেকানন্দ হল, বিদ্যামন্দির।

**বিষয়সূচী:**

১। বিগত ২.১০.২০২১ -এ অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

৩। ২০২১-২০২২ বর্ষের অডিট রিপোর্ট পেশ ও অনুমোদন

৪। বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্টের বিষয়ে আলোচনা

৫। ২০২২-২০২৩ বর্ষের অডিটর নিয়োগ

৬। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)

এই সভায় যোগদানের জন্য সকলকে আমন্ত্রণ জানাই।

**বিদ্যামন্দির, ২ জুলাই, ২০২২** **কর্মসচিব**

বিঃ দ্রঃ—সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্নভোজনে আগ্রহী সদস্যরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনে (৭০০৩৬০৭৭৮৪) বা হোয়াটসঅ্যাপে (৮৩৪৮৫৩০৬৩৬) অথবা সহ-সভাপতিকে টেলিফোনে/হোয়াটসঅ্যাপে (৯৮৩১৪৬৪৬৬০) জানিয়ে দেবেন।

*"Education is the manifestation of the perfection already in man"*
—Swami Vivekananda

# প্রয়াণ বার্তা

১) গত ১৩.০৩.২০২২ তারিখে দীর্ঘ রোগভোগের পর নিজগৃহে প্রয়াত হয়েছেন বিদ্যামন্দিরের ১৯৬২-৬৫ শিক্ষাবর্ষের প্রাক্তনী কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক অনিল প্রামাণিক। তাঁর কর্মজীবনের প্রথম দিকে বেশ কিছুদিন তিনি বিদ্যামন্দিরেই থাকতেন এবং ছাত্রদের কিছু ক্লাসও নিতেন। তিনি ছিলেন বিদ্যামন্দিরের একজন অকৃত্রিম সুহৃদ, অত্যন্ত সুজন এবং সজ্জন ব্যক্তি।

২) বিদ্যামন্দিরের পদার্থবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত প্রধান অধ্যাপক গৌরাঙ্গ চক্রবর্তী গত ২০.০৩.২০২২ তারিখে ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন। বিদ্যামন্দিরে ডিগ্রী কোর্স সূচনাপর্বেই তিনি অধ্যাপনার কাজে যোগ দিয়েছিলেন। প্রথাগত অবসরের পরেও দীর্ঘদিন তিনি বিদ্যামন্দিরের ছাত্রদের পড়িয়েছেন। তাঁর অধ্যাপনাকাল পঞ্চাশ বছরের মত, যে রেকর্ড অবিশ্বাস্য। অকৃতদার এই মানুষটি নানাবিধ সামাজিক উদ্যোগে নিজেকে জড়িত রাখতেন। নানা আর্থ-সামাজিক বিষয়ে সর্বদা তিনি ছিলেন অনুসন্ধিৎসু।

৩) গত ২২ মার্চ সল্টলেকের এক বেসরকারী হাসপাতালে প্রয়াত হয়েছেন বিদ্যামন্দিরের ইংরাজি ভাষা ও সাহিত্য বিভাগের অবসরপ্রাপ্ত বিভাগীয় প্রধান অধ্যাপক বিশিষ্ট শিক্ষাবিদ সুনন্দ সান্যাল। বিদ্যামন্দিরের শিক্ষক সংসদের তিনি ছিলেন প্রথম সম্পাদক। নানা পত্র-পত্রিকায় তিনি নিয়মিত লিখতেন। বিভিন্ন সময়ে শিক্ষাসংক্রান্ত বিশেষজ্ঞ কমিটির তিনি সদস্য ছিলেন। নানা সামাজিক আন্দোলনে সক্রিয় ভাবে অংশগ্রহণ করেছিলেন নানা সময়ে। বেশ কয়েক বছর বার্দ্ধক্যজনিত বিভিন্ন সমস্যায় ভুগছিলেন তিনি।

৪) গভীর বেদনার সঙ্গে জানাচ্ছি যে, আমাদের সকলের প্রিয় বিষ্ণুদা (শ্রী বিষ্ণু বাহাদুর পাণ্ডে মগর) গত ৬ মে ২০২২, শুক্রবার, কর্মরত অবস্থায় পরলোক গমন করেছেন। বিদ্যামন্দিরে প্রায় তিন দশক নানাভাবে নিরন্তর সেবাদান করেছেন বিষ্ণু বাহাদুর। জন্মসূত্রে নেপালের অধিবাসী। মূলত কলেজের মূল ফটকে দ্বাররক্ষকের কাজেই নিজেকে আজীবন নিয়োজিত রেখেছিলেন বিষ্ণুদা। অমায়িক ব্যবহার, সহৃদয় মানসিকতা আর সদা হাসিমুখের সৌজন্যে তাঁর সাথে নানা প্রজন্মের ছাত্র, শিক্ষক ও শিক্ষাকর্মীর অত্যন্ত ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠেছিল। বিগত কয়েক বছরের শারীরিক অসুস্থতা তাঁর অদম্য প্রাণশক্তিকে স্তিমিত করছিল ধীরে ধীরে কিন্তু শারীরিক প্রতিকূলতার সঙ্গে লড়াই চালিয়ে গেছেন জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত।

৫) গত ৪ জুলাই কলকাতায় প্রয়াত হলেন বিদ্যামন্দিরের ১৯৬৭-৭০ ব্যাচের রসায়ন বিভাগের ছাত্র সুশীল শেঠ। সদা হাস্যময় এই মানুষটি গত আড়াই বছর দুরারোগ্য ক্যান্সার ব্যাধিতে আক্রান্ত ছিলেন ও তাঁর কেমোথেরাপি চলছিল। সম্প্রতি কোভিডে আক্রান্ত হওয়ায় আরও তাড়াতাড়ি তাঁর ইহ জীবনে ছেদ পড়ে। সুশীলদা তাঁর ব্যাচের স্কলারশিপ ফান্ডে নিয়মিত অনুদান দিতেন। অসুস্থ হওয়ার আগে পর্যন্ত প্রাক্তনী সংসদের অনুষ্ঠানগুলিতে নিয়মিত অংশগ্রহণ করতেন। তিনি ২০১০ সালে সিনিয়র সাবডিভিসনাল ইঞ্জিনিয়ার হিসেবে ক্যালকাটা টেলিফোন্স থেকে অবসরগ্রহণ করেন।

**আমরা এঁদের সকলের আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা।**

# প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির এবং বিদ্যামন্দিরের বাইরের সমাজের জন্য পূর্ব-গৃহীত প্রকল্পগুলি, অতিমারী ও অতিমারী-উত্তর সময়ে বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ প্রায় অবিচ্ছিন্নভাবে চালিয়ে যাচ্ছে। সেইসব প্রচেষ্টার একটি সংক্ষিপ্ত রূপরেখা নিচে উল্লেখ করা হল—

**স্বাস্থ্যপ্রকল্প :** প্রাক্তনী সংসদ দীর্ঘকাল যাবৎ বেলুড় শ্রমজীবী হাসপাতালের সঙ্গে যৌথভাবে স্বাস্থ্যপ্রকল্পের কাজ এগিয়ে নিয়ে চলেছে। বিগত ফেব্রুয়ারি ২০২২ সালে প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত, ৩২ জন আর্থিকভাবে দুঃস্থ রোগীকে চিকিৎসা-বাবদ ১৬০০০ টাকা দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের একজন প্রাক্তনীকে চিকিৎসার জন্য ১৫০০০ টাকা দেওয়া হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** কয়েকটি বর্ষের প্রাক্তনীদের বিশেষ উৎসাহে প্রাক্তনী সংসদ, বর্তমান ছাত্রদের উচ্চশিক্ষার জন্য এই প্রকল্পটিকে বাস্তবায়িত করে চলেছে। ১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনীরা গত ২০২১-২২ অর্থবর্ষে মোট ২,২২,০০০ টাকা সংসদের হাতে তুলে দেন। ১৯৭১-৭৪ বর্ষের প্রাক্তনীরা ৪২৫০০ টাকা, ১৯৭৬-৭৯ বর্ষের প্রাক্তনীরা ৬৭৫০০ টাকা, ১৯৮৪-৮৬ বর্ষের প্রাক্তনীরা ১০,৫০০ টাকা সংগ্রহ করে দিয়েছেন। এছাড়াও ১৯৮৯-৯১ ব্যাচের পক্ষ থেকে ১৫,০০০ টাকা, ২০০৫-০৮ ব্যাচের থেকে ২৫,০০০ টাকা, ২০০৬-০৯ ব্যাচের পক্ষ থেকে ৪,০০০ টাকা, ১৯৮১-৮৪ বর্ষের পক্ষ থেকে ১৩,০০০ টাকা সংগ্রহ করে সংসদের হাতে তুলে দেওয়া হয়েছে। এইসব সংগৃহীত অর্থ ব্যাঙ্কে বিভিন্ন অহবিলে জমা করা হয়। সেই জমা-করা অর্থ থেকে সুদ-বাবদ যে অর্থ পাওয়া যায় সেই অর্থ দিয়ে বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের পড়াশোনার জন্য ৬,৩০,০০০ টাকা দেওয়া হয়েছে। এছাড়াও বিদ্যামন্দিরের সদ্য-প্রাক্তনীদের অনুদান ও অন্যান্য সাহায্য মিলিয়ে ৭২০০০ টাকা দেওয়া হয়েছে। বিশেষভাবে উল্লেখ্য যে, বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের জন্যও সংসদের পক্ষ থেকে মোট ১৫০০০ টাকা দেওয়া হয়েছে।

**পুনর্মিলন উৎসব :** করোনা-অতিমারী-উত্তরপর্বে স্বল্প সময়ের সিদ্ধান্তে, নতুন উদ্যোগে ২৭ মার্চ ২০২২ তারিখে বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ পুনর্মিলন উৎসব আয়োজন করেছিল। সারাদিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানে প্রাক্তনী ও তাদের পরিবারবর্গের উপস্থিতি ছিল বিশেষভাবে উল্লেখযোগ্য। এই মহতী যজ্ঞে প্রায় ৭০৮ জন প্রাক্তনী, ২৯৭ জন অতিথি এবং প্রায় ১৬৭ জন আমন্ত্রিত অতিথি উপস্থিত ছিলেন। প্রাক্তনী, অতিথি, আমন্ত্রিত অতিথি এবং বর্তমান ছাত্র মিলিয়ে সর্বমোট প্রায় ২০০০ জন যোগ দিয়েছিলেন পুনর্মিলন উৎসবে। (বিস্তারিত প্রতিবেদন পরে উল্লিখিত হয়েছে)

**বিবেকানন্দ সম্মেলন :** করোনা-অতিমারী-উত্তর সময়ে পুনরায় বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল ২৭, ২৮ ও ২৯ মে ২০২২-এ, নবগঠিত ঝাড়গ্রাম জেলায়। প্রায় ১৪টি মহাবিদ্যালয়ের ১১৫ জন বিদ্যার্থী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। এছাড়া ২৯ মে ঝাড়গ্রাম রামকৃষ্ণ মিশনে প্রথম অর্ধে অনুষ্ঠিত যুব-সম্মেলনে ২৫০ জন ছাত্র-ছাত্রী এবং দ্বিতীয় অর্ধে অনুষ্ঠিত শিক্ষক-সম্মেলনে ১৫০ জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহণ করেন।

**রানি রাসমণি স্মারক বক্তৃতা :** প্রতি বছরের মতো এবছরও “রানি রাসমণি স্মারক বক্তৃতা” আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখে বিদ্যামন্দিরে বেলা ১১.৩০ মিনিটে অনুষ্ঠিত হবে।

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার :** স্নাতক পর্যায়ে নির্দিষ্ট সমস্ত বিষয়ে সমান অধ্যয়ন এবং

ছাত্রাবাসে শৃঙ্খলাপরায়ণতার দিক থেকে বিচার করে ২০১৮-২১ বর্ষের ছাত্রদের মধ্যে থেকে কলাবিভাগের শ্রী প্রত্যুষ বেরা ও বিজ্ঞান বিভাগের শ্রী সৌম্যজিৎ পাইনের হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়। সংসদের পক্ষ থেকে দুই ছাত্রকে অভিনন্দন জানাই।

প্রাক্তনী সংসদের সকল কাজকর্ম নিয়মিত ও সুষ্ঠুভাবে সম্পাদিত হওয়ার জন্য, সংসদের পক্ষ থেকে সকল প্রাক্তনী ও শুভানুধ্যায়ীদের জানাই সবিনয় শ্রদ্ধা ও কৃতজ্ঞতা।

**শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

## News from Vidyamandira
### (January 2022 to May 2022)

**1) Seminars & Lectures:**

**a) Memorial Lecture:** The following Memorial/Endowment Lecture was organized during the said period:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| April 28, 2022 | Swami Tathagatananda Memorial Lecture | Rammohan Roy: 'A conservative among liberals and a liberal among conservatives'? | Dr. Partha Pratim Basu, Jadavpur University |

**b) Special Lecture and Weekly Seminar:** Weekly & Departmental Seminars, Extension & Special Lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| Jan 7, 2022 | শ্রীশ্রী মায়ের কথা থেকে পাঠ | Srimat Swami Adbhutanandaji Maharaj, Ramakrishna Math, Kamarpukur |
| Mar 4, 2022 | DNA Amplification by PCR & Analysis | Faculties, Dept. of Microbiology |
| Mar 7, 2022 | Human Rights Movement in India | Prof. Saptarshi Pal, RKM Vidyamandira |
| Mar 12, 2022 | Industry Orientation Interactive talk | Mr. Partha Sarkar |
| Mar 14, 2022 | Machine Learning and Deep Learning in Biology | Mrs. Varsha Sharma |
| Mar 15, 2022 | Spectroscopic Methods (XRD, UV-VIS & IR) | Faculties, Dept. of Chemistry |
| Mar 16, 2022 | Artificial Intelligence in Healthcare | Mr. Ishan Sahu |
| | Chemistry of Teaching Biology | Dr. Jayanta Mukhopadhyay |
| Mar 17, 2022 | Biochemical Perspective of Molecular Complexes & Assemblies | Prof. Asutosh Ghosh<br>Prof. Amitava Das |
| | Aspects of Symmetrics: from Mechanics to Quantum Field Theory | Dr. Sanjoy Biswas |

| | | |
|---|---|---|
| Mar 20, 2022 | ধর্মীয় আলোচনাসভা | Swami Shastrajnananda, Swami Mahaprajnananda, Dr. Debanjan Sengupta, Dr. Purba Sengupta |
| Mar 21, 2022 | দৃশ্যশ্রাব্য আলোচনাচক্র : সত্যজিৎ-এর বৈশিষ্ট্য | Sri Debasish Mukhopadhyay |
| Mar 22, 2022 | সত্যজিৎ | Sri Someshwar Bhowmick |
| | সাহিত্যের তিন ব্যক্তিত্ব (শঙ্খ, বিমল, রেনু) | Sri Sanjay Mukhopadhyay |
| Mar 25, 2022 | Subhas Chandra, Fascism & Communism: New Ideology | Prof. Sobhonlal Dasgupta |
| | বাঙালীর আত্মদর্শন | Sri Samik Bandyopadhyay |
| Apr 4, 2022 | Power of Focus | Swami Sarvapriyanandaji Maharaj, Minister-in-charge, Vedanta Society, New York |
| Apr 27, 2022 | How does a 'Molecule' transform into a 'Medicine' ? | Mr. Bedadyuti Chakraborty, Director "Rx Cella" (A Pharma & Biopharma Learning Academy) |
| Apr 27, 2022 | 'STEAM Experimental Learning with Futuristic Technologies' | ISR Team Experts |
| May 3, 2022 | Community Cancer Risk Assessment & Early Detection Program | Eminent speakers from Karkinos |
| May 12, 2022 | 'আমার সময়, আমার থিয়েটার' | Sri Ashish Chattopadhyay |

2) **Retirement:** Prof. Asit Kumar Sarkar (Department of Microbiology) of Vidyamandira retired during this period.

The following Non-teaching members of Vidyamandira Hostel have retired during this period: (i) **Sri Dhirendra Nath Kar** (Helper), (ii) **Sri Shyamapada Banerjee** (Hostel Guard), (iii) **Sri Khagen Matia** (Assistant Cook), (iv) **Sri Dilip Sarkar** (Kitchen Attendant).

3) **Activities of NSS & NCC Wings of Vidyamandira:** The NSS Wing organized the following activities: (a) 'Belur Math Rly. Station Cleaning' on 24-04-2022. (b)A Blood Donation Camp on 04-05-2022. (c) A Cancer Awareness Camp on 03-05-2022. (d) A Workshop on 'Save Soil Movement' on 08-05-2022. (e) An Awareness Programme for 'School Dropout Children' on 16-05-2022. (f) A Workshop on 'Organic Manure' on 18-05-2022. (g) An Awareness Programme on 'Community Health & Hygiene' on 19-05-2022.

4) **Cultural Events:**

a) **Celebration of 36th National Youth Day:** It was celebrated on 12th January, 2022 at Belur Math. Students of Vidyamandira participated in the ceremony.

b) **Celebration of 125th Birthday of Netaji Subhas Chandra Bose:** 125th Birthday of Netaji Subhas Chandra was celebrated at college campus, programs were initiated Online (uploaded in College YouTube Channel) and Offline modes.

c) **Observance of 73rd Republic Day:** 73rd Republic Day was observed at college campus.

d) **Saraswati Puja, Rabindra Jayanti & Varshavarana and Vidyarthivrata** were also celebrated in the college campus.

e) **Celebration of 187th Birthday of Bhagawan Sri Ramakrishna Paramhansa Deva:** It was celebrated on 4th March 2022 at Belur Math. Students of Vidyamandira participated in the ceremony.



*শ্রীশ্রী ঠাকুরের জন্মোৎসবে বিদ্যামন্দিরের ছাত্রেরা*



*রক্তদান শিবিরে বিদ্যামন্দিরের ছাত্রবৃন্দ*



*বিদ্যামন্দিরের এন. সি. সি.-র ছাত্ররা*



*বিদ্যামন্দিরে বাণীবন্দনা*

**5) Students' Achievements:**

(I) Sriman Amritendu Ganguly (UG- 3rd Yr., Microbiology Dept.) secured 1st Position in Two-Days National Conference on Sustainable Health Science for Future Generations organised jointly by Indian Science Congress Association, Kolkata Chapter held on 28 & 29 April 2022.

**(II)** Sriman Ritobroto Chanda and Sriman Subhrojyotee Ghosh (UG- 2nd Yr., Economics Dept.) secured 1st Position in 'Quid Pro Quo' Event, as Econova 2022 Fest organized by The Heritage College on 7 April 2022.

**(III)** A few students of our college participated in 'Envision 2022' organised by Ramakrishna Mission Residential College, Narendrapur on 22-04-2022. The names of the winners are mentioned below:

| Event | Rank | Name | Department | Year |
|---|---|---|---|---|
| CODE IT OUT | 1St | Sri Avik Tarafdar | Computer Science | UG- III |
| | 2nd | Sri Chitrak Das | Computer Science | UG- III |
| EXTERMINATOR | 1St | Sri Avik Tarafdar | Computer Science | UG- III |
| | 2nd | Sri Arkopal Das | Computer Science | UG- I |
| | 3rd | Sri Arpan Kumar | Computer Science | UG- III |
| CLICK IT | 1St | Sri Sayan Deb Roy | Computer Science and Machine Intelligence | PG- I |

**6) Some other Information:**

a) Vidyamandira was announced to have ranked 9th in the college category for the Academic Session 2021-22 by the National Institutional Ranking Framework (NIRF), MHRD, Govt. of India. Also, autonomy of Vidyamandira has been extended for 10 years more due to achievement of A++ grade (CGPA 3.58) in the 3rd cycle declared by NAAC.



অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করছেন স্বামী মহাপ্রজ্ঞানন্দ



নবনিযুক্ত উপাধ্যক্ষ ব্রহ্মচারী তত্ত্বচৈতন্য

b) Swami Ekachittanandaji Maharaj (Bhargav Maharaj), former Principal, Vidyamandira, took charge as the Principal of Ramakrishna Mission Residential College, Narendrapur and Swami Shastrajnanandaji Maharaj (Sanjib Maharaj) took charges as Principal, Vidyamandira (w.e.f. 10-01-2022).

c) Swami Shastrajnanandaji Maharaj was given additional charge of Secretary, Ramakrishna Mission Saradapith w.e.f. 25-01-2022. Swami Divyanandaji Maharaj took charge as Secretary, Ramakrishna Math, Cossipore.

d) Swami Mahaprajnanandaji Maharaj (Devarshi Maharaj), took charge as Principal, Vidyamandira from Swami Shastrajnanandaji Maharaj on 01-04-2022 and Br. Tattwachaitanya (Riddhi Maharaj) became the new Vice-Principal of Vidyamandira

e) Annual Sports Meet was held on 6th April 2022. All the Students, Monastic members, Teaching, Non-Teaching & Hostel staff participated in the meet enthusiastically and the program was a grand success.

## এবারের পুনর্মিলন : স্বাদটা কি অপূর্ব আলাদা !

কোভিড অতিমারীর এক তীক্ষ্ণ-করুণ আঘাত আজো অক্ষত আমাদের জীবনের উপর। কত চেনা-অচেনা মানুষের চলে যাওয়া, বিপন্ন হওয়ার কথা আমাদের মনের এক না-ভুলতে-পারা স্মৃতি হয়ে রয়েছে আজো। তবুও তো আমরা জানি যে, এই মারী ও মড়ক নিয়ে ঘর-করা আমাদেরই ইতিহাস, আমাদেরই ভবিতব্য। তাই মৃত্যু আর সব-হারানোর বেদনার মাঝেও মানুষ খোঁজে নতুন করে বাঁচার ঠিকানা, এগিয়ে চলে জীবনের সামনের পথে, সঞ্চয় করে নেয় পিছনের দিনে ফেলে-আসা, সোনার ফ্রেমে যত্নে রাখা দিনগুলি থেকে নতুন করে সেই এগোনোর চিরকালের শেষহীন প্রেরণা। এবার যখন বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সভার পুনর্মিলন



*পুনর্মিলন উৎসবে পতাকা উত্তোলন*

সংক্রান্ত আলোচনাগুলি শুনছিলাম বা তাতে অংশ নিচ্ছিলাম, এবং যখন ২৭ মার্চের দিনভর এই 'মন্দির'-এর বিরাট 'নাট'-প্রাঙ্গণে প্রাক্তনী, তাদের স্বজন-পরিজন, সাধু-ব্রহ্মচারী, শিক্ষক-শিক্ষাকর্মী, ছাত্রাবাসকর্মী, বর্তমান ছাত্র প্রভৃতি বহুজনের হৈ হৈ করে ফেলে যাওয়া পায়ের ছাপের দিকে তাকাচ্ছিলাম, তখন উপরের কথাগুলিই মনের মধ্যে বারে বারে ঘুরে-ফিরে আসছিল। এবারের বিদ্যামন্দিরের প্রাক্তনী পুনর্মিলন তাই একটি সাধারণ পুনর্মিলন হিসেবে আমাদের প্রাতিষ্ঠানিক ইতিহাসের খাতায় লেখা থাকবে না – বরং 'আমি মৃত্যুর চেয়ে বড়' এমন একটি অনন্ত নীরব বাক্যকে প্রতিষ্ঠা দেবে। এ কেবল আবেগের কথা



*"আবার দেখা যদি হল সখা..."*

নয়, এ আমার কাছে জীবন্ত বিশ্বাস, নিরন্তর প্রেরণা। আপনাদের কাছেও নিশ্চয়ই তাই।

পরিসংখ্যানটা শুনুন, কি অবাক করা ব্যাপার— প্রাক্তনী এসেছেন ৭০৮, তাদের পরিবার-পরিজন ২৯৭, আমন্ত্রিত অতিথি ১৬৭ যেখানে অন্তর্ভুক্ত সাধু-ব্রহ্মচারী মহারাজেরা, শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্রাবাসকর্মীরা। আর বর্তমান ছাত্রদের ৮০০ জনকে ধরলে সেদিনের বিদ্যামন্দিরের ১৯৭২ জনের মিলন-মেলা, জীবনের ঐকতান-বাদন, বিদ্যামন্দিরের অধিদেবতার চরণতলে পুষ্পার্ঘ্য নিবেদন। সকালের সাংস্কৃতিক অনুষ্ঠান ও

স্মৃতিচারণা পর্বে ১৭ জন প্রাক্তনী আর ৩ জন বর্তমান ছাত্র মিলে এক অপূর্ব বর্ণময়তা।
দুপুরের খাওয়ার ঘরে একসঙ্গে আনন্দে কম-পড়ে যাওয়া খাবার ভাগ করে নেওয়া ; না, কোন অভিযোগ-অনুযোগ নেই—না-পাওয়ার আক্ষেপের স্থান এখানে কোথায় ! দুপুরের খাওয়ার পরে বিবেকানন্দ সভাগৃহে সমবেত সবাই। পূজনীয় মাস্টার মশাইরা বললেন, প্রাক্তনীরা বললেন, মহারাজেরা বললেন—প্রাক্তনী সংসদের সভাপতি বললেন বটে, কিন্তু তার চেয়েও বড় কথা নিজের স্বভাবসিদ্ধ কণ্ঠে গান ধরলেন সমাপ্তিতে 'পুরানো সেই...'।



*বহু প্রতীক্ষিত মধ্যাহ্নভোজে প্রাক্তনীরা*

কত দাতা এগিয়ে এসেছেন এই আয়োজনে, নেতৃত্বে প্রাক্তনীরা। ইণ্ডিয়ান অয়েল, ঊর্জান ক্লিন্টেক – প্রাক্তনীদের নামগুলি এখানে আর বললাম না, কারণ জানি এই আয়োজনের অংশগ্রহণেই তাঁদের গৌরব, নাম ঘোষণা তাঁরা চাইবেনই না। ডিজিটাল মিডিয়া উত্তর-কোভিড যুগে কি বিরাট গুরুত্ব নিচ্ছে এবারের প্রাক্-পুনর্মিলন প্রচার-পর্ব তার প্রমাণ।



*প্রাক্তনীদের পুস্তক প্রদান*

সেখানেও এক প্রাক্তনীর নিরলস প্রযত্ন লেগে আছে। সন্ধ্যায় বাংলার নিজস্ব লাঠিনৃত্য, রায়বেঁশে, রণ-পা নাচ। তারপর শ্রীভবনের প্রার্থনা কক্ষ থেকে শুরু করে বিদ্যা-বিনয়-বিবেক-শ্রদ্ধায় শুরু হলো 'খণ্ডন-ভব'। ধীরে ধীরে প্রাক্তনীরা পা ফেললেন বাড়ির পথে। ভিতরে কি কেবল সারাদিন ধরে নিজের ঘরে-ফেরার, নিজের লোকের সঙ্গে মিলে অতীতকে ফিরিয়ে আনার আনন্দ-সঞ্চয়িতা ? এবারে শুধু এটুকু নয়। এবারের পুনর্মিলন হয়ে রইল যাবতীয় সংশয়, ভয়, দুর্ভাবনা, দুঃখকে পার হয়ে নতুন করে প্রাণ-শক্তিকে জাগিয়ে দেওয়ার অভিজ্ঞান-অনুষ্ঠান, অনিঃশেষ বেদধ্বনি।

**স্বামী শাস্ত্রজ্ঞানন্দ**
**সম্পাদক, রামকৃষ্ণ মিশন সারদাপীঠ**



রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ বিদ্যামন্দিরের প্রাক্তন অধ্যক্ষ এবং রামকৃষ্ণ মঠ ও মিশনের পূজনীয় সহসঙ্ঘাধ্যক্ষ পূজ্যপাদ স্বামী শিবময়ানন্দজীর স্মৃতিরক্ষার্থে একটি স্মারক কমিটি গঠন করেছিল। সেই উদ্যোগের অংশ হিসাবে আগামী ১০ সেপ্টেম্বর, ২০২২ প্রকাশিত হতে চলেছে "বিদ্যাতীর্থের স্মৃতিদীপ্তিতে স্বামী শিবময়ানন্দজী" শীর্ষক স্মারক গ্রন্থটি। ঐ দিন প্রদান করা হবে স্বামী শিবময়ানন্দ স্মৃতি পুরস্কারও।

## প্রকাশনা সংবাদ

(১) গত ২৭.৩.২২ তারিখে বিদ্যামন্দিরে সাতাশতম পুনর্মিলন উৎসবের দিনে প্রকাশিত হয়েছে প্রাক্তনী সংসদের বর্তমান সভাপতি অধ্যাপক তপন কুমার ঘোষের লেখা 'স্মৃতিকুসুম' বইটি। বিদ্যামন্দিরের সঙ্গে তাঁর অর্ধশতাব্দীরও বেশি সময়ের অবিচ্ছিন্ন সংযোগের সুবাদে তিনি বহুজনের সঙ্গে মিশেছেন ঘনিষ্ঠভাবে। সন্ন্যাসী, শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রাবাসকর্মী, প্রাক্তন ছাত্র ইত্যাদি মিলিয়ে মোট সাতচল্লিশ জনের সম্পর্কে তিনি স্মৃতিচারণ করেছেন বইটিতে। এই সূত্রে ধরা পড়েছে বিদ্যামন্দিরের বেশ কিছু অনালোকিত গুরুত্বপূর্ণ পর্ব। বইটি প্রকাশিত হয়েছে বিদ্যামন্দির থেকে। সেখান থেকে সংগ্রহযোগ্য বইটির সংগ্রহমূল্য দু'শো টাকা।

গ্রন্থটির বিষয়ে লিখেছেন বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৭৩-৭৬) ও সাহিত্য আকাদেমির ভূতপূর্ব সচিব বিশিষ্ট সাহিত্যিক ডঃ রামকুমার মুখোপাধ্যায়। তিনি লিখেছেন : শ্রদ্ধেয় তপনদা, আপনার লেখা 'স্মৃতি কুসুম' পড়লাম। সত্যিই যেন কুসুম—পাতা ওল্টাতে ওল্টাতে মনে হচ্ছিল একটি কুঁড়ি ধীরে ধীরে ফুল হয়ে উঠছে। সাধু, অধ্যাপক, শিক্ষাকর্মী, পুরোনো কিছু ছাত্র প্রমুখ সুজন ও স্বজনদের নিয়ে বিদ্যামন্দিরের একটি পর্বের এক মূল্যবান ইতিহাস এই বইটি। সেই ইতিহাসের কেন্দ্রে আছে বেশ কিছু গুণী মানুষজনের শ্রম, আদর্শ, ছাত্রদের প্রতি অকৃত্রিম ভালোবাসা এবং জ্ঞানচর্চার কথা। লেখাটি আপনি উপস্থিত করেছেন সহজ ও সাবলীল গদ্যে। সব মিলে সুখপাঠ্য হয়ে উঠেছে বইটি। আমার আন্তরিক শ্রদ্ধা জানবেন।

রামকুমার<br>২৫ এপ্রিল, ২০২২

(২) বিদ্যামন্দিরের কৃতী ছাত্র (১৯৭৪-৭৭) ও অবসরপ্রাপ্ত জনপ্রশাসক দুর্গাদাস গোস্বামীর লেখা ভ্রমণকাহিনী 'মহাতীর্থ কৈলাস' বইটি এ বছরের গোড়ায় প্রকাশিত হয়েছে 'সুমিত্রা প্রকাশনী' থেকে। ২০১৮-তে লেখক সস্ত্রীক এই দুর্গম কৈলাস মানস সরোবর তীর্থপথের যাত্রী হয়েছিলেন। সেই যাত্রার নিখুঁত বর্ণনা এত চমৎকারভাবে উপস্থাপিত হয়েছে যে বইটিকে অনায়াসে কৈলাস মানস সরোবর যাত্রার একটি গাইড বই হিসেবে গণ্য করা যায়। লেখকের ভাষা অত্যন্ত সাবলীল এবং সংযত। নিছক তথ্যই শুধু উপস্থাপিত হয় নি, আবার আবেগের বাহুল্যে তথ্য চাপা পড়ে নি কোথাও। বঙ্গানুবাদ সহ শাস্ত্রের প্রাসঙ্গিক উদ্ধৃতি অত্যন্ত আকর্ষণীয় হয়ে উঠেছে। তাঁর অনুসন্ধানী এবং বিশ্লেষণী মন কাহিনীর পরিবেশনে যে রসসঞ্চার করেছে তা নিঃসন্দেহে স্বতন্ত্র। একই সঙ্গে ধরা পড়েছে তাঁর ভক্ত হৃদয়ের অকৃত্রিম আবেগ। অসংখ্য মূল্যবান রঙীন ও সাদা কালো ছবির অ্যালবাম বইটিকে খুবই আকর্ষণীয় করে তুলেছে। এই বইটি বাংলা ভ্রমণ সাহিত্যে একটি মূল্যবান সংযোজন হয়ে থাকবে।

## বিবেকানন্দ সম্মেলন, ২০২২

করোনা-উত্তর পর্বে এ-বছর বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল নতুন জেলা ঝাড়গ্রামে। গত ২৭ ও ২৮ মে, ২০২২, মুখ্যত দুটি zone-এ বিভক্ত মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বক্তৃতা (বাংলা ও সাঁওতালি), যোগাসন ও ক্যুইজ প্রতিযোগিতা আয়োজিত হয়েছিল। অত্যন্ত অল্প

সময়ের মধ্যে আয়োজন করা হলেও পড়ুয়া ও শিক্ষক-শিক্ষিকাদের থেকে অভূতপূর্ব সাড়া লক্ষ্য করা গিয়েছিল। ১৪টি মহাবিদ্যালয়ের থেকে ১১৫ জন ছাত্র-ছাত্রী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ঝাড়গ্রাম জেলার প্রায় সবকটি কলেজ থেকেই ছাত্রছাত্রীরা প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।



*যুব সম্মেলনে ভাষণরত সহ-সভাপতি*

সফল প্রতিযোগীদের হাতে গত ২৯ মে, ২০২২, রবিবার, রামকৃষ্ণ মিশন আশ্রম, ঝাড়গ্রাম ক্যাম্পাসে পুরস্কার তুলে দেওয়া হয়। ঐ দিনই ঝাড়গ্রাম আশ্রমে সকালে একটি যুব সম্মেলন এবং দুপুরে একটি শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রায় ২৫০ জন ছাত্রছাত্রী এবং প্রায় ১৫০ জন শিক্ষক-শিক্ষিকা। দুটি সম্মেলন এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের সম্পাদক স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ ও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দজী মহারাজ। উপস্থিত ছিলেন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের অন্যতম সহ-সভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, প্রাক্তনী সংসদের সম্পাদক অধ্যাপক শুভেন্দু মজুমদার, বিদ্যামন্দিরের দর্শন বিভাগের অধ্যাপকবৃন্দ—শ্রী অসীম কুমার চৌধুরী, শ্রী সৌভিক দত্ত এবং শ্রী মৃন্ময় ঢালি। বিভিন্ন প্রতিযোগিতা, সম্মেলন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সামগ্রিকভাবে পরিচালনা করেন বিদ্যামন্দিরের যুগ্ম-পরীক্ষা নিয়ামক স্বামী শান্তেশানন্দজী মহারাজ এবং হোস্টেল অফিস অধীক্ষক ব্রহ্মচারী সতীশচৈতন্য মহারাজ।



*সম্মেলনে ছাত্র-ছাত্রীদের পুরস্কার বিতরণ*

স্বামী বিবেকানন্দের ভাব ও আদর্শ বর্তমান যুব সমাজের কাছে পৌঁছে দেওয়াই ছিল এই সম্মেলনের উদ্দেশ্য। রামকৃষ্ণ মিশন ঝাড়গ্রাম আশ্রমের সম্পাদক স্বামী বেদপুরুষানন্দজী মহারাজ, অনুষ্ঠানের আহ্বায়ক স্বামী ব্রহ্মেশ্বরানন্দজী মহারাজ এবং স্বামী অলকেশানন্দজী মহারাজের সহায়তা ব্যতীত এবারের সম্মেলন সম্ভব হতো না। রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির এবং বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের পক্ষ থেকে তাঁদের সকলকে অশেষ কৃতজ্ঞতা।

**স্বামী মহাপ্রজ্ঞানন্দ, অধ্যক্ষ, বিদ্যামন্দির**



বিদ্যামন্দিরের ডাইনিং হলের অধীক্ষক পূজনীয় স্বামী অনপরানন্দ (অলোকেশ মহারাজ) দীর্ঘ আট বছর বিদ্যামন্দিরে সেবাদান করেছেন। এবার তাঁর নতুন সেবাস্থান পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে মহারাজকে গত ৯ই এপ্রিল বিদায় সম্বর্ধনা জানানো হল। উল্লেখ্য, বিগত তিনটি পুনর্মিলন উৎসবে তাঁর অবদান আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি।

**CONTRIBUTIONS TO THE ALUMNI ASSOCIATION FUNDS IN 2021-2022**

| **Name of the fund** | **No. of donors** | **Amount (Rs.)** |
|---|---|---|
| Swami Vimuktananda Swami Dhyanatmananda Memorial Scholarship Fund | 7 | 102,999 |
| Graduates of 71 Scholarship Fund | 31 | 204,502 |
| 1971-74 Batch Scholarship Fund | 11 | 100,000 |
| 1976-79 Batch Scholarship Fund | 14 | 156,000 |
| 1981-84 Graduate Batch Student Welfare Fund | 6 | 26,000 |
| Ananda Mohan Ghosh-Debasis Ghosh-Ahana Ghosh Medical Scholarship Fund | 1 | 30,000 |
| Bhupati Charan Panja Memorial Scholarship | 1 | 25,000 |
| Nirmalendu Sasmal Memorial Scholarship | 1 | 2,000,000 |
| Tapati Chakraborty Memorial Scholarship | 1 | 500,000 |
| General Scholarship from 2002-05 Batch | 1 | 10,000 |
| General Scholarship for students of Vidyamandira | 1 | 10,000 |
| Sw Shivamayananda Memorial Fund | 45 | 538,001 |
| Community Outreach Fund | 3 | 105,001 |
| Donation for Reunion | 18 | 65,505 |
| General Donation | 2 | 51 |
| Yaas Relief Fund | 15 | 77,001 |
| Installation of Elevator Fund | 3 | 15,000 |
| Safe Home Project of Saradapitha | 6 | 24,901 |
| **AMOUNT OF DONATION RECEIVED DURING 2021-22:** | **167** | **3,989,961** |

## DETAILS OF SCHOLARSHIPS AWARDED IN 2021-2022

### SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS

### SWAMI ADISWARANANDA -SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP

| NAME | AMOUNT | NOW STUDYING IN |
|---|---|---|
| Shibasish Sarkar | 2,000.00 | Haldia Institute of Management |
| Sanajit Giri | 2,000.00 | R K M Vivekananda Centenary College |
| Santanu Kar | 2,000.00 | R K M Vivekananda Centenary College |
| Santu Dhal | 2,000.00 | R K M Vivekananda Centenary College |
| Prafulla Bera | 2,000.00 | R K M Vivekananda Centenary College |
| Satyajit Samanta | 2,000.00 | R K M Vivekananda Centenary College |
| Kiran Mondal | 3,000.00 | R K M Vivekananda Centenary College |
| | **15,000.00** | |

**SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS 15,000/-**

## SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA

### HEMCHANDRA GANGOPADHYAY MEMORIAL SCHOLARSHIP

| NAME | AMOUNT | NOW STUDYING IN |
|---|---|---|
| Subhajit Das | 10,000.00 | Ramakrishna Mission Sikshanmandira |
| Soumya Ranjan Mukherjee | 2,000.00 | Ramakrishna Mission Sikshanmandira |
| Total | **12,000.00** | |

*"If the poor cannot come to education, education must go to them."*
—Swami Vivekananda

| | | | |
|---|---|---|---|
| **GENERAL SCHOLARSHIP TO STUDENTS OF VIDYAMANDIRA** | | | |
| Vivekananda Nandy | Zoology (UG III) | 10,000.00 | Cost of internship at INST, Mohali |
| **GENERAL SCHOLARSHIP FROM 2002-05** | | | |
| Kalimolla Molla | Chemistry (UG 2018-21) | 10,000.00 | For further admission in Vidyamandira |
| Anup Kumar Mridha | Computer Science (UG 2018-21) | 10,000.00 | For admission in MCA at NIT, Trichy |
| Suklav Ghosh | Computer Science (UG 2018-21) | 10,000.00 | For admission in MCA at ISES, Kolkata |
| | **TOTAL** | **30,000.00** | |
| | | | |
| **SCHOLARSHIPS TO EX-VIDYAMANDIRA STUDENTS 42,000/-** | | | |
| | | | |

## প্রশংসনীয় উদ্যোগে প্রাক্তনী

সম্প্রতি হুগলি জেলার হরিপাল থানার পাঁচগাছিয়া গ্রামে সাধারণ মানুষের ঐকান্তিক প্রচেষ্টায় এবং বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় গড়ে উঠেছে হরিপাল শ্রমজীবী হাসপাতাল। ইতিমধ্যেই ডাক্তারবাবুদের সহায়তায় সপ্তাহের সাত দিনই অত্যন্ত অল্পমূল্যে বহির্বিভাগ এবং পাশাপাশি আংশিক প্যাথোলজি পরিষেবা চালু হয়েছে। অতি শীঘ্রই চালু হবে ৩২ শয্যাবিশিষ্ট হাসপাতালের অন্তর্বিভাগ ও ন্যায্যমূল্যের ঔষধের দোকান। এই মহতী উদ্যোগে অগ্রণী ভূমিকা নিয়েছেন বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৭৯-৮৩) ও প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায়। প্রধান শিক্ষকের পদ থেকে অবসর গ্রহণের পর তিনি এই বিশাল কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত রেখেছেন এবং পরিচালন সমিতির সভাপতি পদে মনোনীত হয়েছেন। স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে শ্রী বন্দ্যোপাধ্যায়ের এই সদর্থক ভূমিকা সকলকে অনুপ্রেরণা জোগাবে। সংসদের পক্ষ থেকে তাঁকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৪ সাল থেকে মূলত তাঁরই উদ্যোগে প্রতি বছর সংসদের বার্ষিক সাধারণ সভার দিনে 'আচার্য ঋণস্বীকার প্রকল্প'-এ তাঁদের ব্যাচের ছাত্রদের থেকে সংগৃহীত অর্থ তিনি বিদ্যামন্দিরের অধ্যক্ষের হাতে তুলে দেন।

*"We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded, and by which one can stand on one's own feet."*
**—Swami Vivekananda**